DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 12:46 PM

প্রবাস

বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০৬ PM

বাংলাদেশ থেকে ১০ হাজার কর্মী নেবে ওমান। এর মধ্যে ৫ হাজার কৃষি শ্রমিক এবং ৫ হাজার নেওয়া হবে মৎস্য শ্রমিক হিসেবে। এ বিষয়ে দুই দেশের মধ্যে একটি চুক্তি সই হয়েছে।

বুধবার (৯ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সাক্ষাৎ করে ওমানের রাজপরিবারের সদস্য আল সাইয়্যেদ মোহাম্মদ সেলিম আলী আল সাইদের নেতৃত্বে একটি প্রতিনিধিদল। বৈঠকে শ্রমিক নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পরে সাংবাদিকদের প্রতিমন্ত্রী এ তথ্য জানান।

প্রতিমন্ত্রী বলেন, ওমানের কৃষি মন্ত্রণালয়ের সঙ্গে আমাদের সরকারের কথা হয়েছে। তাদের একটি প্রতিনিধিদল বাংলাদেশে এসেছিল। ওমান আমাদের কাছ থেকে ৫ হাজার কৃষক ও ৫ হাজার মৎস্যজীবী নেবে বলে জানিয়েছে। এ নিয়ে একটি চুক্তি সই হয়েছে।

প্রতিমন্ত্রী জানান, ওমানের একটি প্রতিনিধিদল আগামী মাসে আবার আসবে। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলবে। এরপর বিষয়গুলো চূড়ান্ত হবে।

ওমানের ভিসা খোলার বিষয়ে সরকার কূটনৈতিকভাবে চেষ্টা করছে বলে জানান শামা ওবায়েদ। তিনি বলেন, বিভিন্ন কারণে ওমানের ভিসা বন্ধ রয়েছে। বিগত সরকারের সময় থেকেই এটি বন্ধ আছে। বাংলাদেশিরা যাতে নিয়মিত ওমানে যেতে পারেন, সে জন্য কূটনৈতিক প্রচেষ্টা চালানো হচ্ছে।

দক্ষ অভিবাসনের ওপর সরকার জোর দিচ্ছে বলেও জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, এই বিষয়টি আমরা ওমান সরকারকে তুলে ধরেছি। আমরা চাচ্ছি এখান থেকে আরও বেশি করে দক্ষ মানুষ যাতে ওমানে গিয়ে বিভিন্ন খাতে কাজ করতে পারেন, সরকার সেটাই চাইছে। সে জায়গাটিতে তারাও আগ্রহী। সে ব্যাপারে আমরা দুই দেশ কাজ করছি।

এ বিভাগের আরও খবর

ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধ, কানাডায় ভারতীয় বংশোদ্ভূত নারী গ্রেপ্তার
কানাডার সারেতে ভাড়াটিয়ার সঙ্গে বারবিকিউ নিয়ে বিরোধের জেরে ভারতীয় বংশোদ্ভূত এক নারী গ্রেপ্তার হয়েছেন। একের পর এক সংঘর্ষের ভিডিও সামাজিক যোগায...

সৌদিতে সোফা কারখানায় আগুনে নিহত ৯ জনের মরদেহ দেশে আসছে বিকেলে
সৌদি আরবের রিয়াদে অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশির মধ্যে শনাক্ত হওয়া ৯ জনের মরদেহ আজ দেশে আসছে। তাদের মধ্যে সাতজনের বাড়ি নওগাঁর আত্রাই উপজেলায়...

প্রথম বছরে বিনা খরচে মালয়েশিয়া যাবেন ১০ হাজার কর্মী
দীর্ঘদিন বন্ধ থাকার পর অবশেষে শর্তসাপেক্ষে ও স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় উন্মুক্ত হচ্ছে। প্রধানমন্ত্রী তারেক র...

বিনা খরচে ১০ হাজার কর্মী নেবে মালয়েশিয়া সরকার: আরিফুল হক

মালয়েশিয়া সরকার বাংলাদেশ থেকে ১০ হাজার দক্ষ কর্মী বিনা খরচে নেওয়ার আগ্রহ প্রকাশ করেছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/probash/bangladesh-theke-10-hajar-krmi-nebe-oman